দাদাগিরি’তে সাংবাদিক মোহসীন-উল হাকিম

মহসিন-উল হাকিম, দস্যুমুক্ত সুন্দরবনের ইতিহাসের মুকুটে রত্ন। মধ্যস্থতার মাধ্যমে জলদস্যুদের আত্মসমর্পণের দীর্ঘ ও সফল প্রক্রিয়ার পর তিনি সরকারি-বেসরকারি স্বীকৃতির মাধ্যমে সম্মানিত হয়েছেন।

এবারের আমন্ত্রণ ভারতের কলকাতার জনপ্রিয় রিয়েলিটি শো ‘দাদাগিরি’ থেকে। যার থিম, ‘হাত তুলে বন্ধু তৈরি হয়’। বহু বছর ধরে সুন্দরবনের গভীর জলে ঘুরে বেড়ানো মহসিন-উল-হাকিমও ভয়ংকর জলদস্যুদের সঙ্গে বন্ধুত্ব করছিল। সেই জলদস্যুদের ঈমান ও বিশ্বাসে শুদ্ধতার পথে আনতে তাকে দীর্ঘ পথ পাড়ি দিতে হয়েছে। দাদাগিরি সিজন 9-এ, হোস্ট কলকাতার যুবরাজ সৌরভ গাঙ্গুলীর সাথে মুক্তির সমস্ত বেদনাদায়ক গল্প শেয়ার করেছেন।

যমুনা টেলিভিশনের বিশেষ প্রতিবেদক মহসিন-উল হাকিমের অভিজ্ঞতা কেমন ছিল? বলছেন, দাদাগিরি অনুষ্ঠানে আমি শুধু মহসিন-উল হাকিম নই; আমি যমুনা টেলিভিশন ও বাংলাদেশের প্রতিনিধিত্ব করেছি। তারা আমাকে যে সম্মান দেখিয়েছে তা আমার প্রতিষ্ঠানের জন্য এবং দেশের জন্য; সেই সাথে দেশে ফিরে আসি।

প্রাক্তন ক্রিকেটার সৌরভ গাঙ্গুলীর মনোমুগ্ধকর পারফরম্যান্স তার অভিজ্ঞতার কৃতিত্ব। মহসিন-উল-হাকিম বলেন, “সৌরভ গাঙ্গুলি এমন একজন মহান মানুষ। এটি এই অনুষ্ঠানের বিশেষ দিক। আমরা যারা অনুষ্ঠানে অংশ নিয়েছিলাম তারা সবাই সৌরভ গাঙ্গুলির দিকে তাকিয়ে ছিলাম।

অনুষ্ঠানের প্রধান মীর ফালাক বলেন, ব্যস্ততার মধ্যেও দাদাগিরির মঞ্চে দাদাগিরির মঞ্চে বাংলাদেশের এমন একজনকে পাওয়া আমাদের জন্য অনেক গর্বের।

দাদাগিরির এই পর্বটি প্রচার হবে আজ রোববার বাংলাদেশ সময় রাত ১০টায়।

গাংনীতে বাল্য বিয়ের অপরাধে বর ও কণের পিতার জেল জরিমানা

মেহেরপুরের গাংনীতে সপ্তম শ্রেনীর এক স্কুল ছাত্রিকে বিয়ে করার অপরাধে বর ও কনের পিতার(জামাই শশুর) জেল ও জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।
আজ রবিবার বেলা সাড়ে ১২ টার সময় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে তাদের জেল জরিমানা করা হয়। ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম।

ভ্রাম্যমাণ আদালত সুত্রে জানায়, সাহারবাটি গ্রামের এনামুল হকের ছেলে হেলাল উদ্দীন(৩২) চতুর্থ বারের মত বিয়ে করতে যান মহম্মদপুর গ্রামের মানিক নগর পাড়ার সোহরাব আলীর মেয়ে ও মহম্মদপুর আদর্শ মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সপ্তম শ্রেনীর ছাত্রী জাহানার খাতুনকে। গভীর রাতে বিয়ে হচ্ছে মর্মে সংবাদ পেয়ে ভ্রাম্যমাণ আদালতের একটি টিম ঘটনাস্থল থেকে বর হেলাল উদ্দীন ও কনের পিতা সোহরাব হোসেনকে আটক করা হয়। আটক শশুর জামাই দুজনকেই সাত দিনের বিনাশ্রম কারাদন্ড ও বরের পাঁচ হাজার টাকা জরিমানা করা হয়।

মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহম্মেদ জানান, বাল্যবিয়ে একটি সামাজিক ব্যাধি। বাল্য বিয়ে বন্ধে সরকার নানামুখি পদক্ষেপ গ্রহন করেছে। আমার ইউনিয়নের মহম্মদপুর গ্রামের একটি সপ্তম শ্রেনীর ছাত্রীর সাথে চতুর্থ বার বিয়ে করতে এসেছে একটি ছেলে এমন বিষয় জানতে পারার পর স্থানীয় প্রশাসনকে সহযোগীতা করি এবং আইনের হাতে সোপর্দ করি।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম বলেন, বাল্যবিবাহ নিরোধ আইন ২০১৭ এর ৭ এর ১ ধারায় বরের জেল জরিমানা ও ৮ ধারা অনুযায়ী কণের পিতার জেল প্রদান করা হয়েছে। তিনি আরো বলেন, সমাজের যে কোনো জায়গায় বাল্য বিবাহ হচ্ছে এমন সংবাদ পেলে সাথে সাথে ব্যবস্থা নেয়া হবে।

[redacted]

[redacted]

জেলা যুবলীগের সাবেক সভাপতি সাজ্জাদুল আনাম, জনপ্রশাসন প্রতিমন্ত্রীর ভাই ও আওয়ামী লীগ নেতা ইকবাল হোসেন বুলবুল, জেলা স্বেচ্ছা সেবক লীগের আহবায়ক আরিফুল এনাম বকুল।

সাধারণ সম্পাদক পদে সম্ভাব্য প্রার্থী হিসেবে যাদের নাম শোনা যাচ্ছে তারা হলেন- জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি মফিজুর রহমান, সাবেক ছাত্র নেতা আমিনুল ইসলাম খোকন, আওয়ামী লীগ নেতা অ্যাড. খ.ম হারুন ইমতিয়াজ জুয়েল, জেলা যুবলীগের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক নিশান সাবের, জসিউর রহমান বকুল, সাবেক ছাত্র নেতা হাসানুজ্জামান হিলন, যুবলীগ নেতা ও কাউন্সিলর আল মামুন, জেলা শ্রমিক লীগের সদস্য সচিব মোস্তাফিজুর রহমান বাবুল।

দলীয় সূত্রে জানা গেছে, ২০০৩ সালের ৭ আগস্ট তিন বছর মেয়াদে ৬৭ সদস্য বিশিষ্ট পূর্ণাঙ্গ কার্যকরী কমিটি ও ১৭ সদস্য বিশিষ্ট উপদেষ্টা পরিষদ নিয়ে মেহেরপুর পৌর আওয়ামী লীগের কমিটি গঠন করা হয়। কিন্তু কমিটির মেয়াদ শেষ হয়ে দীর্ঘ ১৫ বছর অতিবাহিত হলেও নতুন কমিটির মুখ দেখেনি দলটির নেতাকর্মীরা। দীর্ঘ এই ১৮ বছরে কার্যকরী কমিটির ৭জন এবং উপদেষ্টা পরিষদের ৮জন মৃত্যুবরণ করেছেন।

মৃতবরণকারী নেতারা হলেন, কার্যকরী কমিটির সহ-সভাপতি ডাঃ ওমর ফারুক, দপ্তর সম্পাদক খোকন মিয়া, সদস্য খাদেমুল ইসলাম, হারুন অর রশিদ হারু, পন্টু মিয়া, জহির রায়হান সেন্টু, মোশারফ মন্ডল।

উপদেষ্টা পরিষদের মধ্যে আব্দুল মজিদ মাস্টার, মাহাবুবুর রহমান মধু, আব্দুল গণি, আব্দুল মহিত লাল্টু, আমজাদ হোসেন, বাবুল মিয়া, রফিকুল ইসলাম রফিক, শ্রী মহিমা রনজন পাল বাটুল বার্ধক্যজনিত ও বিভিন্ন কারণে মৃত্যুবরণ করেছেন।

তিন বছর মেয়াদে মেহেরপুর পৌর আওয়ামী লীগ গঠন করা হলেও বর্তমানে এই কমিটির বয়স ১৮ বছর। শুধুমাত্র কমিটি না হওয়ার কারণে মৃতরাও গুরুত্বপূর্ণ পদ দখল করে আছেন।

বর্তমান এ কমিটির সভাপতির দায়িত্ব পালন করছেন অ্যাড. ইয়ারুল ইসলাম। তিনি সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান। সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করছেন মো: আক্কাস আলী।

আলমডাঙ্গায় অধ্যক্ষ অপসারণে কঠোর অবস্থানে শিক্ষার্থীরা, সেচ্ছায় পদত্যাগ

আলমডাঙ্গায় ভারপ্রাপ্ত অধ্যক্ষ গোলাম সরোয়ার মিঠুর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ তুলে টানা ৭ ঘন্টার আন্দোলনের মূখে সেচ্ছায় পদত্যাগ করেছেন।

শনিবার বিকেল সাড়ে ৪ টার দিকে আলমডাঙ্গা সরকারি কলেজে উপস্থিত হয়ে উপজেলা নির্বাহি অফিসার ও আন্দোলনকৃত ছাত্র-ছাত্রীদের সামনে পদত্যাগ করেন।

এই পদত্যাগের মাধ্যমে আলমডাঙ্গা সরকারি কলেজ আগামি শিক্ষাঙ্গনে নতুনত্ব ও মানউন্নয়নে ভূমিকার রাখবে এমন আশায় নতুন অধ্যক্ষ হিসাবে হিসাব বিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক সৈয়দ মোঃ আল মামুন রেজাকে দায়িত্বভার তুলে দেন উপজেলা নির্বাহি অফিসার ও কলেজের সভাপতি রনি আলম নূর । এতে উচ্ছ্বাসে মেতে ওঠে আন্দোলনকৃত ছাত্র-ছাত্রীরা।

জানাগেছে, প্রসঙ্গ, ২০১৮ সালে ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসাবে আলমডাঙ্গা সরকারি কলেজে দায়িত্বভার নেন কৃষিবিদ গোলাম সরোয়ার মিঠু। আলমডাঙ্গা সরকারি কলেজ হিসাবে পূর্ণাঙ্গ রূপ পায় ২০১৭ সালে। বিগত সাবেক অধ্যক্ষ নজরুল ইসলাম থাকাকালীন সময় আলমডাঙ্গা সরকারি কলেজে প্রায় ৫০ জন শিক্ষক নিয়োগ পায়।

জটিলতার কারণে তাদের সরকারি বেতন না পেলেও কলেজ কতৃক বেতন, ভাতা ও বোনাস প্রদানের নির্দেশনা আছে। অধ্যক্ষ গোলাম সরোয়ার মিঠু শিক্ষক সিন্ডিকেটের মাধ্যমে দুর্নীতির অভায়রণ্য গড়ে তুলেছে। পরিক্ষার নামে অতিরিক্ত ফি আদায়, সেশন চার্জ বৃদ্ধি, জোরপূর্বক কলেজ প্রাঙ্গণে কোচিং বানিজ্য।

এ ঘটনায় শনিবার সকাল থেকে আলমডাঙ্গা সরকারি কলেজের শিক্ষার্থীরা পদত্যাগের বিষয়ে আন্দোলন করে। তোপের মুখে বিকেলে সেচ্ছায়

পদত্যাগ করে অধ্যক্ষ গোলাম সরোয়ার মিঠু।

আলমডাঙ্গায় গাছ চাপায় স্কুল ছাত্রের মৃত্যু

আলমডাঙ্গায় গাছের নিচে চাপা পড়ে রাহুল আহমেদ (১১) নামে এক শিশু নিহত হয়েছে।

শনিবার বেলা ১১ টার দিকে আলমডাঙ্গা উপজেলার জামজামি গ্রামে ওই দুর্ঘটনা ঘটে। নিহত রাহুল আহমেদ একই গ্রামের রবিউল ইসলামের ছেলে। সে জামজামি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির ছাত্র ছিলো।

নিহতের পরিবার সূত্রে জানাযায়,শনিবার সকালে বাড়ির পাশে জিকে ক্যানেলে গাছ কাটা দেখতে যায় রাহুল। এসময় একটি গাছের নিচে চাপা পড়ে গুরুতর আহত হয় সে। তাকে উদ্ধার করে স্থানীয় ফাতমা ক্লিনিকে নেয়া হলে চিকিৎসক মৃত ঘোষনা করেন।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম জানান, কোন অভিযোগ না থাকায় নিহতের মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে। ওই ঘটনায় থানায় একটি অপমৃত্যুর মামলা হবে।

মুজিবনগর স্মৃতিসৌধে জুতা পায়ে দিয়ে ওঠায় আনসার সদস্যের

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

সদস্য শরাফ উদ্দীন এই ছবি কয়েকটি ফেসবুক পোষ্ট এবং একটি স্হানীয় অনলাইনে সংবাদ প্রকাশিত হয়।

মেহেরপুরে সড়ক দুর্ঘটনা রোধে সচেতনতা মূলক অভিযান

সাম্প্রতিক সময়ে মেহেরপুরে সড়ক দুর্ঘটনা আশঙ্কাজনক হারে বেড়ে যাওয়ার কারণে সচেতনতা মূলক অভিযান পরিচালনা করছে মেহেরপুর জেলা প্রশাসন।

আজ রবিবার সকাল থেকেই শুরু হয় অভিযান মেহেরপুর শহরের কলেজ মোড় ও পাবলিক লাইব্রেরী মোড়ে বসানো হয় ভ্রাম্যমাণ আদালত।

এ সময় চালকদের মাথায় হেলমেট না থাকার কারণে মোটরযান আইন ২০১৮ এর ৪৯ ধারা লঙ্ঘন করায় ৯২ ধারাই ৯ জনকে জরিমানার আওতায় নেওয়া হয়। তাদের কাছ থেকে ৬ হাজার ৭ শ টাকা জরিমানা আদায় করে ভ্রাম্যমাণ আদালত।

জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মাহামুদুল হাসান এবং গোলাম রাব্বানীর নেতৃত্বে এ সকল অভিযান পরিচালিত হয়। এসময় নির্বাহী ম্যাজিস্ট্রেট মাহামুদুল হাসান জানান, সাম্প্রতিক সময়ে মেহেরপুরে সড়ক দুর্ঘটনা আশঙ্কাজনক হারে বৃদ্ধি পেয়েছে এ কারণে জনসাধারণকে সচেতন করার লক্ষ্যে আমরা এই অভিযান চালাচ্ছি।

এছাড়াও গাড়ির কাগজপত্র পরীক্ষা-নিরীক্ষার কাজ এখনো অব্যাহত রয়েছে।

[redacted]

[redacted]

সমন্বয় করেন না বরং এড়িয়ে চলেন। সকল কাজে বাধা প্রদান করে আসছেন। ফলে তিনি কি চাইছেন সেটা তো পরিস্কার। তবে দীর্ঘদিন ধরে আওয়ামী লীগের রাজনীতি করে আসছি স্থানীয় ও কেন্দ্রীয় নেতারা আমার সাথে আছেন। আশা করি তার পুরস্কার পাবো। সভাপতি প্রার্থী হিসেবে রফিকুল ইসলাম তোতার নাম শুনছি। তিনি জেলা সভাপতির মদদপুষ্ট হয়ে প্রার্থীতা ঘোষনা করেছেন। বাগোয়ান ইউনিয়ন পরিষদ নির্বাচনে বিদ্রোহী প্রার্থীদের হয়ে নির্বাচনে কাজ করেছেন, সে হিসেবে সভাপতিকেও বিদ্রোহী বলা যায়।

দলীয় সূত্রে জানা গেছে, ২০১৬ সালের ২০ ফেব্রুয়ারি সর্বশেষ মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের কাউন্সিল হয়েছে। ওই কাউন্সিলে মুজিবনগর উপজেলা চেয়ারম্যান জিয়া উদ্দিন বিশ্বাস সভাপতি এবং মহাজনপুর ইউনিয়ন চেয়ারম্যান আমাম হোসেন মিলু সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছিলেন। আগামী ৯ মে মুজিবনগর কমপ্লেক্স মিলনায়তনে উপজেলা আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হবে। সম্মেলন উপলক্ষে ইতিমধ্যে সভাপতি জিয়া উদ্দিন বিশ্বাস ও জেলা আওয়ামী লীগের সভাপতি ফরহাদ হোসেনের অনুসারীরা পৃথক পৃথক ওয়ার্ড কমিটি গঠণ করে। যা নিয়ে বিতর্ক সৃষ্টি হলে কেন্দ্র উভয় কমিটি বাতিল করে।

গাংনীর বামন্দীতে উদ্বোধন হলো ব্যাতিক্রমী শিক্ষা প্রতিষ্ঠান পথিকের পাঠশালা

বাংলা, ইংরাজি বানান, উচ্চারণ, সাধারণ জ্ঞান, ইংরাজি শব্দ শেখা, হাতের লেখা সুন্দর করে শেখা, শ্রুতি পঠণ, শ্রুতি লিখন, ছবি অংকন, আবৃত্তি, গল্প বলা, জীবন গান, ভাল কাজের বর্ণনা ও সাধারণ জ্ঞান শিখবে ব্যাতিক্রমধর্মী বিদ্যাপিঠ পথিকের পাঠশালায়। এ লক্ষ নিয়ে বৃহস্পতিবার বিকালে এক আড়ম্বর পরিবেশে গাংনী উপজেলার বামন্দীতে উদ্বোধন হলো এই ব্যতিক্রম বিদ্যাপিঠটি।

বাংলা একাডেমী শিশু সাহিত্য পুরস্কারে ভূষিত কথা সাহিত্যক রফিকুর

রশীদ রিজভী প্রধান অতিথি থেকে বিদ্যালয়টি উদ্বোধন করেন।

পথিকের পাঠশালার পরিচালক বিশিষ্ট গবেষক ও লেখক রফিকুল ইসলাম পথিকের সঞ্চালনায় উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন, বামন্দী নিশিপুর স্কুল এন্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ আলাউদ্দীন, গাংনী উপজেলা প্রেসক্লাবের সভাপতি আমিরুল ইসলাম অল্ডাম,অবসরপ্রাপ্ত তুলা উন্নয়ন অফিসার আব্দুল ওয়াদুদ, সিনিয়র সাংবাদিক জুলফিকার আলী কানন, সিনিয়র সাংবাদিক সাহাজুল সাজু, মটমুড়া ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুল বারী, বাওট সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মাহবুবুর রহমান, সাবেক ছাত্রনেতা নুরুল ইসলাম রিন্টু, বামন্দী মাধ্যমিক বালিকা বিদ্যালয় পরিচালনা পর্ষদের সভাপতি আবুল বাসার প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে কথা সাহিত্যিক রফিকুর রশীদ বলেন,পরীক্ষার্থী না হয়ে শিক্ষার্থী হকে হবে। জাতীকে উন্নত করতে টেকসই শিক্ষা গ্রহণের কোনো বিকল্প নেই। দেশ ও সমাজ একজন শিক্ষিত মানুষের কাছে জাতি অনেক প্রত্যাশা করে।

ঝিনাইদহে মাদকসহ পুলিশের কাছ থেকে আসামী ছিনতাই, আহত ৫ পুলিশ

ঝিনাইদহ মধুপুর চৌরাস্তা থেকে মাদকসহ আটক আকিদুল ইসলাম ওরফে দরবেশ নামে এক আসামীকে ছিনিয়ে নিয়েছে স্থানিয় ইউপি সদস্যর নেতৃত্বে একদল ব্যাক্তি। এ ঘটনায় ঝিনাইদহ সদর থানার দুই এসআইসহ ৫ পুলিশ সদস্য আহত হয়েছেন।

আসামী উদ্ধার ও দোষীদের গ্রেফতারে পুলিশি অভিযান চলছে। আহতরা হলেন এসআই আনোয়ার হোসেন, এসআই আজিজুর রহমান, কনস্টেবল আশরাফুল ইসলাম, সমেল ও এলেম।

ঝিনাইদহ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শেখ মোহাম্মদ সোহেল রানা